সন্ধ্যা হল গো— ও মা,   সন্ধ্যা হল, বুকে ধরো ।
অতল কালো স্নেহের মাঝে ডুবিয়ে আমায় স্নিগ্ধ করো ॥
ফিরিয়ে নে মা, ফিরিয়ে নে গো— সব যে কোথায় হারিয়েছে গো
ছড়ানো এই জীবন, তোমার আঁধার-মাঝে হোক-না জড়ো ॥
আর আমারে বাইরে তোমার কোথাও যেন না যায় দেখা ।
তোমার রাতে মিলাক আমার জীবনসাঁজের রশ্মিরেখা ।
আমায় ঘিরি আমায় চুমি   কেবল তুমি, কেবল তুমি—
আমার ব'লে যা আছে, মা, তোমার ক'রে সকল হরো ॥

---

Parjaay: Puja, Taal: Ektaal, Raag: Iman-Purvi
Visit www.geetabitan.com for notation and other detail